গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, মঙ্গলবার ১৬ জুন ২০১৫, ২ আষাঢ় ১৪২২**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

প্রধানমন্ত্রী শেখ হাসিনার লন্ডন সফরে গত ১৪ জুন রোববার ব্রিটিশ পার্লামেন্টের এমপি টিউলিপ সিদ্দিককে অভিনন্দন জানানো, প্রধানমন্ত্রীকে লন্ডনের শেরাটন পার্কলেন হোটেলে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে অভিবাসী বাংলাদেশিদের পক্ষ থেকে মানপত্র হস্তান্তর এবং যুক্তরাজ্য আওয়ামী লীগ আয়োজিত নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্যসহ আজকের পত্র-পত্রিকায় প্রকাশিত সচিত্র বিশেষ প্রতিবেদন :

১। আইসিটি এক্সপো উদ্বোধন করলেন রাষ্ট্রপতি
২। প্রতিবেশীদের সঙ্গে সুসম্পর্ক রেখে উন্নয়ন ত্বরান্বিত করব
: লন্ডনে নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী
৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার লন্ডন সফরের ওপর প্রকাশিত ছবি প্রসঙ্গে
৪। অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার সংশোধনী প্রস্তাব
৫। চার দেশে যান চলাচলে রূপরেখা চুক্তি সই : সড়ক জরিপ শুরু
৬। ভূমির দুর্নীতি প্রতিরোধে প্রয়োজন ডিজিটালাইজেশন : ভূমি প্রতিমন্ত্রী
৭। মানবতাবিরোধী অপরাধের দায়ে আলী আহসান মোহাম্মদ মুজাহিদের আপিলের রায় আজ
৮। মানব পাচারকারীদের নির্মূলে সহায়তা করুন : বায়রার সাথে বৈঠকে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী
৯। রমজান উপলক্ষে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে : আইজিপি
১০। সাত শতাংশ প্রবৃদ্ধি অর্জন চ্যালেঞ্জিং : বিশ্বব্যাংক
১১। একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা কেন কর্তৃত্ববহির্ভূত নয় : হাইকোর্ট
- শিক্ষার্থী ভর্তিতে আইনত বাধা নেই
১২। ইহসানুল করিম প্রধানমন্ত্রীর প্রেস সচিব
১৩। থাইল্যান্ডে উদ্ধার ৪৭ বাংলাদেশিকে ফেরত আনা হয়েছে

চলমান পাতা/২

১। আইসিটি এক্সপো উদ্বোধন করলেন রাষ্ট্রপতি

দেশের তথ্য প্রযুক্তির সবচেয়ে বড় আয়োজন বাংলাদেশ আইসিটি এক্সপো-২০১৫ গতকাল ১৫ জুন সোমবার শুরু হয়েছে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। 'মিট ডিজিটাল বাংলাদেশ' আহ্বানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ তিন দিনের এই মেলা ও প্রদর্শনী উদ্বোধন করেন। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ উদ্বোধন অনুষ্ঠানে বলেন, আইসিটি এক্সপো দেশের তথ্য প্রযুক্তি খাতের উন্নয়নকে ত্বরান্বিত করবে। ডিজিটাল বাংলাদেশ ও ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করতে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস) যৌথভাবে তিন দিনের এই প্রদর্শনী ও মেলার আয়োজন করেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.৮), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ডেইলি অবজারভার (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৮)।

২। প্রতিবেশীদের সঙ্গে সুসম্পর্ক রেখে উন্নয়ন ত্বরান্বিত করব : লন্ডনে নাগরিক সংবর্ধনায় প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রতিবেশী দেশগুলোর সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে এবং যোগাযোগ জোরদারের মাধ্যমে দেশের উন্নয়ন ত্বরান্বিত করা হবে। দক্ষিণ এশিয়ায় বাংলাদেশের ভৌগোলিক অবস্থানকে কাজে লাগিয়ে জনগণের জীবনমান উন্নত করাই তার সরকারের একমাত্র লক্ষ্য। তিনি বলেন, যোগাযোগ বাড়িয়ে দক্ষিণ এশিয়া অঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করতে 'বাংলাদেশ, চীন, ভারত ও মায়ানমার ইতোমধ্যে বিসিআইএম ইকোনমিক করিডর (বিসিআইএম-ইসি)' নামক যৌথ পরিকল্পনা হাতে নিয়েছে। প্রত্যেকে উন্নয়নের স্বার্থে নিজেদের মধ্যে যোগাযোগ বাড়াতে সম্মত হয়েছে। গত ১৪ জুন রোববার সন্ধ্যায় লন্ডনের পার্ক লেইন শেরাটন হোটেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেওয়া এক নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তৃতাকালে তিনি এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), ইনকিলাব (পৃ.১,ক.৭), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১)। ডেইলি অবজারভার এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। প্রধানমন্ত্রী শেখ হাসিনার লন্ডন সফরের ওপর প্রকাশিত ছবি প্রসঙ্গে

লন্ডনে গত ১৪ জুন রোববার ব্রিটিশ পার্লামেন্টের এমপি টিউলিপ সিদ্দিককে ফুল দিয়ে অভিনন্দন জানাচ্ছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এ বিষয়ে ছবি ছেপেছে : ইত্তেফাক-পৃ.১, ক.৬, প্রথম আলো-পৃ.২, ক.২, ইনকিলাব-পৃ.১, ক.৭, যুগান্তর-শেষ পৃ., ক.২, নয়া দিগন্ত-শেষ পৃ., ক.২, যায়যায়দিন-শেষ পৃ., ক.৬, আমাদের সময়-শেষ পৃ., ক.২, বণিক বার্তা- শেষ পৃ., ক.৫, বাংলাদেশ প্রতিদিন-পৃ.৩, ক.৬, ডেইলি স্টার-পৃ.৪, ক.৩, ডেইলি সান-পৃ.১, ক.৬, ডেইলি অবজারভার-পৃ.১, ক.৫, ইন্ডিপেনডেন্ট-শেষ পৃ., ক.২, নিউজ টুডে-শেষ পৃ., ক.৫।

গত ১৪ জুন রোববার প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে লন্ডনের শেরাটন পার্কলেন হোটেলে নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে বিশিষ্ট কলামিস্ট আবদুল গাফফার চৌধুরী যুক্তরাজ্য অভিবাসী বাংলাদেশিদের পক্ষ থেকে একটি মানপত্র হস্তান্তর করেন-এ বিষয়ে ছবি ছেপেছে : জনকণ্ঠ-পৃ.১, ক.২, সংবাদ-শেষ পৃ., ক.২, সমকাল-পৃ.১, ক.৬, আলোকিত বাংলাদেশ-শেষ পৃ., ক.৬।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ১৪ জুন রোববার লন্ডনের শেরাটন পার্কলেন হোটেলে যুক্তরাজ্য আওয়ামী লীগ আয়োজিত নাগরিক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন-এ বিষয়ে ছবি ছেপেছে : সংগ্রাম-শেষ পৃ., ক.৬।

৪। অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতার সংশোধনী প্রস্তাব

প্রস্তাবিত বাজেট বক্তৃতায় আবারও সংশোধনী প্রস্তাব করলেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আমার বাজেট বক্তৃতায় কতিপয় পণ্যে উৎসে কর বৃদ্ধির কথা বলা হয়েছে। এসব পণ্যের মধ্যে শুকনো মরিচ, তেলবীজ, পরিশোধিত-অপরিশোধিত ভোজ্যতেল, চাল, গম, চালের খুদ উৎসে কর বৃদ্ধির কথা বলা হয়েছে। এখানে উৎসে শব্দটি ভুল হয়েছে। এর জন্য বিভ্রান্তি ছড়ানো হচ্ছে, পণ্যের দাম বাড়ছে। আমি 'উৎসে কর' শব্দটি বাদ দেওয়ার অনুরোধ করছি। এসব পণ্যের উৎসে কর বাড়ানো হবে না। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৪), প্রথম আলো (শেষ পৃ.,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.১), নিউ এজ (শেষ পৃ.,ক.৬)।

৫। চার দেশে যান চলাচলে রূপরেখা চুক্তি সই : সড়ক জরিপ শুরু

বাংলাদেশ, ভুটান, ভারত ও নেপালের মধ্যে যাত্রী ও পণ্যবাহী যানবাহন চলাচলের (বিবিআইএন মোটরযান চলাচল) রূপরেখা চুক্তি সই হয়েছে। এই চুক্তির অধীনে এ চারটি দেশের মধ্যে যাত্রীবাহী বাস, পণ্যবাহী ট্রাক-লরি ও ব্যক্তিগত গাড়ি চলতে পারবে। চুক্তি সইয়ের পর গতকাল ১৫ জুন সোমবারই একটি গাড়ি যাতায়াতের জন্য নির্ধারিত সব সড়কে জরিপের কাজ শুরু হয়েছে। আগামী বছরের শুরুতে চার দেশের মধ্যে যান চলাচল শুরুর পরিকল্পনা রয়েছে। গতকাল ১৫ জুন সোমবার ভুটানের রাজধানী থিম্পুতে চার দেশের পরিবহণমন্ত্রীরা চুক্তিতে সই করেন। বাংলাদেশের পক্ষে চুক্তিতে সই করেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। সূত্র-প্রথম আলো (পৃ.১,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.৮), যুগান্তর (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১), সংবাদ, যায়যায়দিন, নয়াদিগন্ত, ডেইলি স্টার, ডেইলি সান, নিউজ টুডে, নিউ এজ এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৬। ভূমির দুর্নীতি প্রতিরোধে প্রয়োজন ডিজিটালাইজেশন : ভূমি প্রতিমন্ত্রী

দেশের ভূমি অফিসগুলো হচ্ছে দুর্নীতির সূতিকাগার। গতকাল ১৫ জুন সোমবার ব্র্যাক আয়োজিত এক সেমিনারে ভূমি প্রতিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী একথা বলেছেন। রাজধানীর ব্র্যাক সেন্টারে 'ইনস্টিটিউশনাল অ্যান্ড সোশ্যাল ব্যারিয়ারস ফর উইমেন অ্যান্ড মার্জিনালাইজড কমিউনিটিজ টু অ্যাকসেস ল্যান্ড অ্যান্ড প্রোপার্টি রাইটস' শীর্ষক এই সোমিনারটি অনুষ্ঠিত হয়। ভূমি প্রতিমন্ত্রী বলেন, ভূমি অফিসগুলোর দুর্নীতি অনেক উদ্যোগ নিয়েও বন্ধ করা যাচ্ছে না। তিনি বলেন, এই দুর্নীতি প্রতিরোধে প্রয়োজন ডিজিটালাইজেশন। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৫), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৫), যুগান্তর (পৃ.১,ক.১)।

৭। মানবতাবিরোধী অপরাধের দায়ে আলী আহসান মোহাম্মদ মুজাহিদের আপিলের রায় আজ

একাত্তরে মানবতাবিরোধী অপরাধের দায়ে মৃত্যুদণ্ডাদেশ পাওয়া 'আল-বদর নেতা' আলী আহসান মোহাম্মদ মুজাহিদের আপিলের রায় ঘোষণা করা হবে আজ ১৬ জুন মঙ্গলবার। প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন চার সদস্যের আপিল বেঞ্চ আজ এই রায় ঘোষণা করবেন। বেঞ্চের অন্য তিন সদস্য হলেন-বিচারপতি নাজমুন আরা সুলতানা, বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও বিচারপতি মো. হাসান ফয়েজ সিদ্দিকী। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৭), ইত্তেফাক (পৃ.১,ক.১), ডেইলি সান (পৃ.১,ক.১), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১)। প্রথম আলো, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। মানব পাচারকারীদের নির্মূলে সহায়তা করুন : বায়রার সাথে বৈঠকে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আসাদুজ্জামান খান এমপি বলেছেন, মানব পাচার একটি জঘন্য অপরাধ। ইতোমধ্যে মানব পাচারকারীদের বিরুদ্ধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ প্রদান করা হয়েছে। গতকাল ১৫ জুন সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে বায়রা'র সাথে অনুষ্ঠিত এক বৈঠকে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী একথা বলেন। স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী সাগরপথে অবৈধভাবে মানব পাচারকারীদের নির্মূলে বায়রার সদস্যদের সহায়তা করার অনুরোধ জানান। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৩)।

৯। রমজান উপলক্ষে ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে : আইজিপি

পবিত্র রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে রাজধানীসহ সারাদেশে নিরাপত্তা ব্যবস্থা ঢেলে সাজানো হচ্ছে। নিরাপদে ও নির্বিঘ্নে রমজান মাসে কেনাকাটা ও ঈদ উদ্‌যাপনের লক্ষ্যে পুলিশ ব্যাপক নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করেছে। রমজানে কোথাও কোনো চাঁদাবাজির ঘটনা যাতে না ঘটে সেজন্য পুলিশের পক্ষ থেকে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। রাজধানীর মোড়ে মোড়ে ও বিপণিবিতানগুলোয় থাকবে সিসিটিভি ক্যামেরা। অপরাধ দমনে থাকবে পুলিশের বিশেষ টিম। সড়ক, রেল ও নৌপথে সাধারণ মানুষের যাতায়াত নিরাপত্তায় থাকবে র‍্যাব পুলিশের বিশেষ নিরাপত্তা টহল। গতকাল ১৫ জুন সোমবার বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্সের সম্মেলনকক্ষে পবিত্র রমজান ও ঈদুল ফিতর উদ্‌যাপন উপলক্ষে আইনশৃঙ্খলা এবং ট্রাফিক ব্যবস্থাপনা নিয়ে প্রেস কনফারেন্সে এসব কথা বলেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক। সূত্র-ইনকিলাব (শেষ পৃ.,ক.৮), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৪), ডেইলি সান (শেষ পৃ.,ক.৬), নিউ নেশন (শেষ পৃ.,ক.৮)।

১০। সাত শতাংশ প্রবৃদ্ধি অর্জন চ্যালেঞ্জিং : বিশ্বব্যাংক

প্রস্তাবিত বাজেটে সাত শতাংশ প্রবৃদ্ধি অর্জন 'অসম্ভব' না হলেও 'চ্যালেঞ্জিং' হবে বলে মনে করছে বিশ্বব্যাংক। পাশাপাশি প্রস্তাবিত বাজেট বাস্তবায়নের ক্ষেত্রে চারটি বড় ঝুঁকি ও ছয়টি চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে বলে জানিয়েছে সংস্থাটি। এছাড়া গত কয়েক বছরে বাংলাদেশের যে ৬ শতাংশের বেশি প্রবৃদ্ধি হচ্ছে, তা পৃথিবীর ২০টি দেশেরও নেই। সুতরাং ৬ শতাংশ প্রবৃদ্ধির যে ফাঁদ বলা হয়, তা নেগেটিভ অর্থে না দেখে পজেটিভ অর্থে মূল্যায়ন করা উচিত বলে জানিয়েছে সংস্থাটি। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৪), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৭), ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), নিউ নেশন (পৃ.১,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.১)।

১১। একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা কেন কর্তৃত্ববহির্ভূত নয় : হাইকোর্ট

- শিক্ষার্থী ভর্তিতে আইনত বাধা নেই

পরীক্ষা ব্যতীত শুধুমাত্র ফলের ভিত্তিতে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির সিদ্ধান্ত নিয়ে জারিকৃত নীতিমালা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত ঘোষণা করা হবে না-তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। শিক্ষা মন্ত্রণালয়ের ওই নীতিমালার ৮টি ধারা কেন বাতিল করা হবে না তা জানতে চেয়ে এ রুল জারি করা হয়। চার সপ্তাহের মধ্যে সরকারকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে বিচারপতি নাঈমা হায়দার ও বিচারপতি মোস্তফা জামান ইসলামের ডিভিশন বেঞ্চ গতকাল ১৫ জুন সোমবার এই আদেশ দেয়। তবে রুল জারি করলেও হাইকোর্ট নীতিমালার ওপর কোনো স্থগিতাদেশ দেয়নি। সূত্র-ইত্তেফাক (পৃ.২,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.১), ভোরের কাগজ (পৃ.১,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৭), ডেইলি অবজারভার (পৃ.১,ক.৬)।

১২। ইহসানুল করিম প্রধানমন্ত্রীর প্রেস সচিব

ইহসানুল করিম হেলালকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেস সচিব হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। ইতোপূর্বে তিনি রাষ্ট্রপতির প্রেস সচিব এবং বাংলাদেশ সংবাদ সংস্থার (বাসস) ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক ছিলেন। তিনি প্রধানমন্ত্রীর বর্তমান প্রেস সচিব এ কে এম শামীম চৌধুরীর স্থলাভিষিক্ত হলেন। এ কে এম শামীম চৌধুরীকে

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক করা হয়েছে। গতকাল ১৫ জুন সোমবার জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত পৃথক প্রজ্ঞাপন জারি করা হয়। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.৫), ইনকিলাব (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.২,ক.১), বাংলাদেশট টুডে (শেষ পৃ.,ক.১)।

১৩। থাইল্যান্ডে উদ্ধার ৪৭ বাংলাদেশিকে ফেরত আনা হয়েছে

সমুদ্রপথে অবৈধভাবে মালয়েশিয়া যাওয়ার পথে থাইল্যান্ডে উদ্ধার হওয়া ৪৭ বাংলাদেশিকে দেশে ফেরত আনা হয়েছে। গতকাল ১৫ জুন সোমবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি ০৮৯ ফ্লাইটে করে তারা হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। সংশ্লিষ্ট সূত্র জানায়, ব্যাংককস্থ বাংলাদেশ দূতাবাসের তৎপরতায় ২০১৩ সাল থেকে এ পর্যন্ত ৮৭২ জন বাংলাদেশিকে দেশে ফেরত আনা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.৮), সংবাদ (পৃ.১,ক.৭), ডেইলি স্টার (পৃ.১,ক.৫), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৭)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো : পুলিশের বিভিন্ন অনিয়ম দুর্নীতি তদন্তের ভার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনে দিলে তা নিরপেক্ষ না হতে পারে এ আশঙ্কায় তাদের অপরাধ তদন্তের দায়িত্ব আরও বড় পরিসরে ন্যস্ত করার সুপারিশ;

খ. ইত্তেফাক : দেশের দূরপাল্লার বিভিন্ন রুটে বিআরটিসি বাস সার্ভিস চালু করতে বেসরকারি বাস মালিক সমিতি ও শ্রমিকরা বারবার বাধার সৃষ্টি করছে উল্লেখ করে এতে জনসম্পদের যথাযথ ব্যবহার ও জনসেবার সুযোগ নষ্ট হচ্ছে বলে মন্তব্য;

গ. জনকণ্ঠ, সমকাল, ডেইলি স্টার : নারীর প্রতি সহিংসতা ও নির্যাতনকারীদের কঠোর শাস্তির দাবি;

ঘ. সংবাদ : সাইবার নিরাপত্তা আইন-২০১৫ এর খসড়া আইনটি পাস করা হলে ইন্টারনেট ব্যবহারে সরকারের কঠোর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা পাবে উল্লেখ করে সংবিধানে বর্ণিত মত প্রকাশের স্বাধীনতার আলোকে একটি ভালো সাইবার নিরাপত্তা আইন প্রতিষ্ঠিত হবে এই প্রত্যাশা ব্যক্ত;

ঙ. যুগান্তর : স্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকির কারণ নিষিদ্ধ ঘোষিত ঘনচিনি দেশে আবারও আমদানি করায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে অবিলম্বে কঠোর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ;

চ. ডেইলি সান : ভয়াবহ মাদক ইয়াবার বিস্তার রোধে পার্শ্ববতী দেশ হতে চোরাই পথে ইয়াবা আনা বন্ধ করতে সরকার কঠোর পদক্ষেপ নেবে এই প্রত্যাশা ব্যক্ত;

ছ. নিউ নেশন, ডেইলি স্টার : হঠাৎ করে বন্যাকবলিত হওয়া বিভিন্ন এলাকার জন্য ত্রাণ ও আশ্রয়ের ব্যবস্থা করার আহ্বান;

জ. নিউ এজ : বিভিন্ন দেশে রোগমুক্ত সুস্থ আলু রপ্তানির ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে মুক্তিযুদ্ধের চেতনা অনুসারে বাংলাদেশ গড়ে উঠবে, এ দেশের সব ধর্মাবলম্বী মানুষ সে আশাই করে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'সমুদ্রপথে মানব পাচার' শিরোনামের নিবন্ধে কমান্ডার এম মোস্তাফিজুর রহমান মানব পাচার রোধ করতে দক্ষ মানবসম্পদ গড়ে তুলে নিয়মতান্ত্রিকভাবে জনশক্তি রপ্তানিতে জোর দিতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা